দৈনিক খবর

তারিখ 26 SEP 199[illegible]
পৃষ্ঠা ৫ কলাম ২

৪০

# 'জাতীয় স্বার্থে শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধ করুন'

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার জাতীয় স্বার্থে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তি ও শিক্ষার অনুকূল পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, খুব নগন্য সংখ্যক ছাত্র ও ছাত্রনামধারী বহিরাগত ব্যক্তি তাদের সংকীর্ণ দলীয় স্বার্থে সন্ত্রাস সৃষ্টি করছে এবং যে কোন মূল্যে তাদেরকে প্রতিরোধ করতে হবে।

মন্ত্রী গত মঙ্গলবার ঢাকায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ও মহাসচিবের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক প্রতিনিধিদলের সাথে আলোচনাকালে এ কথা বলেন। অন্যান্যের মধ্যে ফেডারেশনের সভাপতি অধ্যাপক এনামুল হক খান, মহাসচিব মাহফুজুর রহমান ও বিভিন্ন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধের ব্যাপারটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে এবং ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের সহযোগিতা নিয়ে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। তিনি বলেন, দেশ ও শিক্ষা প্রতিষ্ঠানকে টিকিয়ে রাখার স্বার্থে শিক্ষক সমাজকে এ ব্যাপারে অগ্রণী ভূমিকা নিতে হবে।- তথ্য বিবরণী।